কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

# বেসরকারি মাদ্রাসা (দাখিল ও আলিম) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২৫

আগস্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

# বেসরকারি মাদ্রাসা (দাখিল ও আলিম) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২৫

**প্রস্তাবনা:** যেহেতু 'বেসরকারী উদ্যোগে মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা) স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালা, ১৯৯৭' সংশোধন, সংযোজন এবং পরিমার্জন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু মাদ্রাসা স্থাপন, পাঠদানের অনুমতি, স্বীকৃতিসহ মাদ্রাসা শিক্ষা পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন, ২০২০ প্রণয়ন করা হয়েছে; এবং

যেহেতু সময়ের চাহিদার আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে বেসরকারি মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান (দাখিল ও আলিম) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান কার্যক্রম অধিকতর গতিশীল, স্বচ্ছ এবং জবাবদিহিমূলক করার জন্য নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

**১.০ শিরোনাম:**
এই নীতিমালা "বেসরকারি মাদ্রাসা (দাখিল ও আলিম) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা ২০২৫" নামে অভিহিত হবে।

**২.০ নীতিমালার প্রয়োগ:**
এই নীতিমালা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর আওতাধীন নিম্নোক্ত বেসরকারি মাদ্রাসাসমূহের জন্য প্রযোজ্য হবে:

| ক্রমিক | মাদ্রাসা | শ্রেণিসমূহ |
|---|---|---|
| ১. | দাখিল | ১ম-১০ম |
| ২. | | ৬ষ্ঠ-১০ম |
| ৩. | | ৯ম-১০ম |
| ৪. | আলিম | ১ম-১২শ |
| ৫. | | ৬ষ্ঠ-১২শ |
| ৬. | | ৯ম-১২শ |
| ৭. | | ১১শ-১২শ |

**৩.০ সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে-
৩.১ **মন্ত্রণালয়:** মন্ত্রণালয় বলতে শিক্ষা মন্ত্রণালয়কে বুঝাবে।
৩.২ **বিভাগ:** বিভাগ বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে বুঝাবে।
৩.৩ **অধিদপ্তর:** অধিদপ্তর বলতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে বুঝাবে।

৩.৪ **একাডেমিক স্বীকৃতি:** একাডেমিক স্বীকৃতি বলতে পাঠদানের অনুমতির সাথে আরোপিত শর্ত পূরণের পর শিক্ষা কার্যক্রম চলমান রাখার লিখিত অনুমতিকে বুঝাবে।

৩.৫ **এনটিআরসিএ:** এনটিআরসিএ বলতে ২০০৫ সালের ১ নম্বর আইন দ্বারা প্রতিষ্ঠিত বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষকে বুঝাবে।

৩.৬ **এনসিটিবি:** এনসিটিবি বলতে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডকে বুঝাবে।

৩.৭ **এমপিও:** এমপিও বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের প্রত্যেক মাসে প্রদত্ত বেতন-ভাতাদির সরকারি অংশকে [Monthly Pay Order (MPO)] বুঝাবে।

৩.৮ **জিপিএস:** জিপিএস বলতে বিশ্বজনীন অবস্থান-নির্ণায়ক ব্যবস্থাকে [Global Positioning System (GPS)] বুঝাবে।

৩.৯ **পরিচালনা কমিটি:** পরিচালনা কমিটি বলতে মাদ্রাসা পরিচালনার জন্য প্রযোজ্য ক্ষেত্রে ম্যানেজিং কমিটি, গভর্নিং বডি, এডহক কমিটি, উদ্যোক্তা কমিটি, নির্বাহী কমিটি, বিশেষ পরিস্থিতি কমিটি, সরকারি প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক পরিচালিত কমিটি এবং এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত কমিটিকে বুঝাবে।

৩.১০ **পাঠদানের অনুমতি:** পাঠদানের অনুমতি বলতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক কোনো মাদ্রাসার অনুকূলে শিক্ষা কার্যক্রম পরিচালনার লিখিত অনুমতিকে বুঝাবে।

৩.১১ **পৌর এলাকা:** পৌর এলাকা বলতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত পৌর এলাকাকে বুঝাবে।

৩.১২ **প্রতিষ্ঠান:** প্রতিষ্ঠান বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত মাদ্রাসাকে বুঝাবে।

৩.১৩ **প্রতিষ্ঠান প্রধান:** প্রতিষ্ঠান প্রধান বলতে দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট ও আলিম মাদ্রাসার অধ্যক্ষকে বুঝাবে।

৩.১৪ **মাদ্রাসা:** মাদ্রাসা বলতে এ নীতিমালার ধারা-২.০ এ বর্ণিত মাদ্রাসাসমূহকে বুঝাবে।

৩.১৫ **মাদ্রাসা স্থাপন:** মাদ্রাসা স্থাপন বলতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মাদ্রাসা স্থাপনের লিখিত অনুমতিকে বুঝাবে।

৩.১৬ **স্থানান্তর:** স্থানান্তর বলতে কোন অনুমোদিত প্রতিষ্ঠান স্বস্থান থেকে অন্য জায়গায় স্থাপন করাকে বুঝাবে।

৩.১৭ **ভাড়া বাড়িতে প্রতিষ্ঠান:** ভাড়া বাড়ি বলতে পরিশিষ্ট-৩ এ বর্ণিত শর্তাদি প্রতিপালন স্বাপেক্ষে (ভাড়া বাড়িতে) প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান অনুমতি ও একাডেমিক স্বীকৃতি প্রাপ্ত প্রতিষ্ঠানকে বুঝাবে।

৩.১৮ **শাখা বা ক্যাম্পাস:** একাধিক শাখা বা ক্যাম্পাস করার ক্ষেত্রে মূল ক্যাম্পাস ঠিক রেখে একাধিক শাখা/ ক্যাম্পাস খোলা বুঝাবে।

৩.১৯ **বোর্ড:** বোর্ড বলতে আইনের দ্বারা গঠিত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে বুঝাবে।

৩.২০ **ব্যানবেইস:** ব্যানবেইস বলতে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরোকে বুঝাবে।

৩.২১ **মঞ্জুরি কর্তৃপক্ষ:** মঞ্জুরি কর্তৃপক্ষ বলতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে বুঝাবে।

৩.২২ **মফস্বল:** মফস্বল বলতে সিটি কর্পোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড ও পৌরসভা ব্যতীত অন্যান্য এলাকাকে বুঝাবে।

৩.২৩ **শিক্ষাবর্ষ:** শিক্ষাবর্ষ বলতে দাখিল মাদ্রাসার ক্ষেত্রে ০১ জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর এবং আলিম মাদ্রাসার ক্ষেত্রে ০১ জুলাই থেকে ৩০ জুনকে বুঝাবে।

৩.২৪ **সরকার:** সরকার বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে বুঝাবে।

৩.২৫ **সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান:** সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান বলতে জেলা প্রশাসন, বিয়াম, উপজেলা প্রশাসন, বাংলাদেশ সেনাবাহিনী, বাংলাদেশ নৌ-বাহিনী, বাংলাদেশ বিমান বাহিনী, বিজিবি, বাংলাদেশ পুলিশ, পৌরসভা, সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, রেলওয়ে, বিশ্ববিদ্যালয় এবং বোর্ড কর্তৃক পরিচালিত মাদ্রাসাকে বুঝাবে।

৩.২৬ **বেসরকারি সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান:** বেসরকারি সংস্থা পরিচালিত প্রতিষ্ঠান বলতে সরকার কর্তৃক অনুমোদিত কোনো ব্যক্তিগত ট্রাস্ট/মিশন/এনজিও/ব্যক্তিগত ফাউন্ডেশন বা দাতব্য সংস্থা পরিচালিত মাদ্রাসাকে বুঝাবে।

৩.২৭ **সিটি কর্পোরেশন:** সিটি কর্পোরেশন বলতে আইন দ্বারা গঠিত স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত সিটি কর্পোরেশন এলাকাকে বুঝাবে।

৩.২৮ **স্বীকৃতি প্রদান কমিটি:** স্বীকৃতি প্রদান কমিটি বলতে এ নীতিমালার ৮.০ এ বর্ণিত স্বীকৃতি প্রদান কমিটিকে বুঝাবে।

৩.২৯ **পরিচালনা পর্ষদ:** পরিচালনা পর্ষদ বলতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আইন-২০২০ মোতাবেক গঠিত পরিচালনা পর্ষদকে বুঝাবে।

MV

**৪.০ মাদ্রাসা স্থাপনের অনুমোদন প্রক্রিয়া:**

৪.১ **আবেদন গ্রহণ:** মাদ্রাসা স্থাপনের জন্য আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত আবেদন ফরম- 'ক-১' অনুযায়ী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে-

(ক) আবেদনকারী একক ব্যক্তি হলে তাঁর/একাধিক ব্যক্তি হলে তাঁদের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে;

(খ) মাদ্রাসা স্থাপনের প্রস্তাবিত স্থানের মৌজা, খতিয়ান/পর্চা, দাগ এবং জমির পরিমাণ উল্লেখ করতে হবে এবং প্রস্তাবিত স্থানের খতিয়ানের কপি সংযুক্ত করতে হবে;

(গ) জমির অখন্ডতা, পরিমাণ ও মালিকানা সম্পর্কে সহকারী কমিশনার (ভূমি) এর প্রত্যয়ন সংযুক্ত করতে হবে;

(ঘ) পরিশিষ্ট- '১' হতে '৩' এ বর্ণিত ন্যূনতম চাহিদা ও শর্ত পূরণ করার অঙ্গীকারনামা ফরম: 'ক-২' অনুযায়ী দাখিল করতে হবে। এ অঙ্গীকারনামা ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ও নোটারি পাবলিকের সম্মুখে সম্পাদন করতে হবে। মাদ্রাসার স্তর বিবেচনায় বোর্ডের চেয়ারম্যন অবকাঠামোগত প্রযোজ্যতার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন;

(ঙ) প্রস্তাবিত প্রতিষ্ঠানের চতুর্দিকে বিদ্যমান প্রতিষ্ঠানসমূহের দূরত্বের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার প্রদত্ত দূরত্বের সনদ সংযুক্ত করতে হবে;

(চ) ১) মাদ্রাসার ধরণ অর্থাৎ বালক/বালিকা/সহশিক্ষা এবং

২) নীতিমালার অনুচ্ছেদ ২ অনুসারে দাখিল/আলিম মাদ্রাসার নাম স্তরসহ সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে;

(ছ) প্রতিষ্ঠান স্থাপন সংক্রান্ত আবেদনের সঙ্গে উপজেলা/থানা পরিসংখ্যান কর্মকর্তার নিকট হতে প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা সনদ দাখিল করতে হবে;

(জ) ব্যক্তির নামে মাদ্রাসা স্থাপন করতে হলে আবেদনের সময় ব্যক্তির বিস্তারিত পরিচিতি উল্লেখপূর্বক একটি সংক্ষিপ্তসার সংযুক্ত করতে হবে;

(ঝ) মাদ্রাসা স্থাপনের যৌক্তিকতা সংক্ষিপ্ত বিবরণসহ দাখিল করতে হবে।

৪.২ **মাদ্রাসার ধরণ রূপান্তর:** বোর্ডের অনুমোদন ব্যতীত কোনো প্রতিষ্ঠানের ধরণ (বালক, বালিকা বা সহশিক্ষা) পরিবর্তন করা যাবে না।

৪.৩ **জিপিএস ম্যাপ সংগ্রহ:** মাদ্রাসা স্থাপনের আবেদন প্রাপ্তির পর বোর্ড কর্তৃক ব্যানবেইস থেকে ক্যাচমেন্ট এলাকার পার্শ্ববর্তী মাদ্রাসার দূরত্বসহ জিপিএস ম্যাপ সংগ্রহ করতে হবে। ব্যানবেইসে আবেদন করার পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এ সংক্রান্ত কোন তথ্য পাওয়া না গেলে অথবা ব্যানবেইস কর্তৃক প্রদত্ত সনদের সাথে উপজেলা নির্বাহী অফিসার প্রদত্ত সনদের কোনো গরমিল পরিলক্ষিত হলে এ বিষয়ে চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৪.৪ **মাদ্রাসা পরিদর্শন:**

(ক) প্রাপ্ত আবেদন পর্যালোচনা করে এবং পরিশিষ্ট '১' এ উল্লিখিত দূরত্ব ও জনসংখ্যা এবং এলাকা/প্রতিষ্ঠানের ধরণ বিবেচনা করে প্রাপ্যতা আছে মর্মে প্রাথমিকভাবে প্রতীয়মান হলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রস্তাবিত মাদ্রাসার স্থান সরেজমিনে পরিদর্শনের জন্য বোর্ডের চেয়ারম্যানের প্রতিনিধি/বোর্ডের একজন কর্মকর্তা/ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করবেন। পরিদর্শনের দায়িত্ব প্রদান পত্রের অনুলিপি সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার/ জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রেরণ করতে হবে;

(খ) পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রস্তাবিত মাদ্রাসা/এলাকা/স্থান পরিদর্শন শেষে (প্রযোজ্য ক্ষেত্রে) উপজেলা নির্বাহী অফিসার/জেলা শিক্ষা অফিসারের নিকট হতে মতামত ও প্রত্যয়ন সংগ্রহ করবেন;

(গ) পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিদর্শনপূর্বক নির্ধারিত ফরমে পরিদর্শন প্রতিবেদন পূরণ করে নিজস্ব মন্তব্য/সুপারিশসহ প্রয়োজনীয় কাগজপত্র বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর প্রেরণ করবেন;

(ঘ) মাদ্রাসা পুনরায় পরিদর্শনের প্রয়োজন হলে পূর্বতন কর্মকর্তার মাধ্যমে না হয়ে উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পরিদর্শন করাতে হবে।

৪.৫ **মাদ্রাসা স্থাপনের অনুমোদন:** অনুচ্ছেদ-৮ এ উল্লিখিত স্বীকৃতি প্রদান কমিটির সভা ন্যূনতম ০৩ (তিন) মাস অন্তর অনুষ্ঠিত হবে। আবেদন এবং পরিদর্শন প্রতিবেদনের আলোকে স্বীকৃতি প্রদান কমিটি মাদ্রাসা স্থাপনের অনুমতি প্রদান/নামঞ্জুর করতে পারবেন এবং অনুমোদনের জন্য পরবর্তী পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করবেন। জবাবদিহিতা, সততা, স্বচ্ছতা ও সমন্বয়ের

প্রয়োজনে চেক এন্ড ব্যালান্স অনুসরণ করার লক্ষ্যে কমিটির সুপারিশ ও পরিচালনা পর্ষদের অনুমোদনের ভিত্তিতে মাদ্রাসা স্থাপনের চূড়ান্ত অনুমোদনের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগের অধীনে থাকবে।

৪.৬ বোর্ডের পরিচালনা পর্ষদের সভায় দাখিল/আলিম মাদ্রাসা স্থাপনের অনুমোদন অথবা নামঞ্জুর হলে অথবা কোন পর্যবেক্ষণ থাকলে আবেদনকারীকে তা জানাতে হবে।

**৫.০ দাখিল/আলিম মাদ্রাসায় পাঠদানের অনুমোদন প্রক্রিয়া**

৫.১ **আবেদন গ্রহণ:** মাদ্রাসা স্থাপনের লিখিত অনুমতি প্রাপ্তির পর আবেদনকারী/আবেদনকারীগণ প্রাপ্ত জমি মাদ্রাসার নামে নামজারি করাবেন। শিক্ষাদানের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করবেন। নামজারি এবং প্রয়োজনীয় অবকাঠামো যথাযথ হবার পরে সরকার নির্ধারিত আবেদন ফরম- 'খ' (১) ও 'খ' (২) (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) অনুযায়ী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে পাঠদানের অনুমতির জন্য আবেদন করতে হবে।

৫.২ সরকারি সংস্থা কর্তৃক পরিচালিত মাদ্রাসার ক্ষেত্রে সংস্থা কর্তৃক মাদ্রাসার অনুকূলে জমি বরাদ্দের লিখিত বরাদ্দপত্র থাকতে হবে। বরাদ্দপত্রে বরাদ্দকৃত জমি মাদ্রাসা ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার করা যাবে না মর্মে উল্লেখ থাকতে হবে।

৫.৩ সরকারি সিদ্ধান্ত মোতাবেক মাদ্রাসা স্থাপিত হলে জমির শর্ত প্রযোজ্য হবে না।

৫.৪ **মাদ্রাসা পরিদর্শন:**

(ক) পাঠদানের অনুমোদনের জন্য আবেদন পাবার পরে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান সরেজমিনে পরিদর্শনের জন্য বোর্ডের চেয়ারম্যানের প্রতিনিধি/বোর্ডের একজন কর্মকর্তা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করবেন। দায়িত্ব প্রদানের অনুলিপি সংশ্লিষ্ট জেলা প্রশাসক, জেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রেরণ করবেন;

(খ) পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রস্তাবিত জমি ও অবকাঠামো পরিদর্শন শেষে (প্রযোজ্য ক্ষেত্রে) উপজেলা নির্বাহী অফিসার/জেলা শিক্ষা অফিসারের নিকট থেকে মতামত ও প্রত্যয়ন সংগ্রহ করবেন;

(গ) পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিদর্শনপূর্বক নির্ধারিত ফরমে পরিদর্শন প্রতিবেদন পূরণ করে নিজস্ব মন্তব্য/সুপারিশসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডের চেয়ারম্যান বরাবর প্রেরণ করবেন;

(ঘ) মাদ্রাসা পুনরায় পরিদর্শনের প্রয়োজন হলে, পূর্বতন কর্মকর্তার মাধ্যমে না হয়ে উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পরিদর্শন করাতে হবে।

৫.৫ **পাঠদানের অনুমোদন:** অনুচ্ছেদ-৮ এ উল্লিখিত স্বীকৃতি প্রদান কমিটির সভা ন্যূনতম ০৩ (তিন) মাস অন্তর অনুষ্ঠিত হবে। আবেদন এবং পরিদর্শন প্রতিবেদনের আলোকে স্বীকৃতি প্রদান কমিটি প্রস্তাবিত মাদ্রাসার পাঠদানের অনুমতি প্রদানের সুপারিশ করবে/আবেদন নামঞ্জুর করবে এবং অনুমোদনের জন্য পরবর্তী পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করবেন। জবাবদিহিতা, সততা, স্বচ্ছতা ও সমন্বয়ের প্রয়োজনে চেক এন্ড ব্যালান্স অনুসরণ করার লক্ষ্যে কমিটির সুপারিশ ও পরিচালনা পর্ষদের অনুমোদনের ভিত্তিতে মাদ্রাসার পাঠদানের অনুমতি প্রদানের চূড়ান্ত অনুমোদনের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগের অধীনে থাকবে।

৫.৬ বোর্ডের পরিচালনা পর্ষদে কোনো মাদ্রাসার জন্য পাঠদানের অনুমোদন প্রদান করা হলে অথবা আবেদন নামঞ্জুর করা হলে অথবা কোন পর্যবেক্ষণ থাকলে তা আবেদনকারীকে জানাতে হবে।

৫.৭ **পাঠদানের অনুমোদনের ক্ষেত্রে শর্তসমূহ:**

(ক) পরিশিষ্ট- '২' এ বর্ণিত শর্ত পূরণ হলে দাখিল/আলিম মাদ্রাসায় পাঠদানের অনুমতি প্রদান করা হবে;

(খ) দাখিল মাদ্রাসায় আলিম স্তরে (১১শ-১২শ শ্রেণি) পাঠদানের ক্ষেত্রে দাখিল একাডেমিক স্বীকৃতি প্রাপ্ত হতে হবে এবং এক্ষেত্রে পরিশিষ্ট- '২' ও 'বর্ণিত শর্তাবলি বিবেচনা করতে হবে।

৫.৮ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড প্রথম পর্যায়ে ০৩ (তিন) শিক্ষাবর্ষের জন্য পাঠদানের অনুমতি প্রদান করবে এবং স্বীকৃতি পাওয়া পর্যন্ত নবায়ন করা যাবে।

MV

৫.৯ দাখিল/আলিম মাদ্রাসা স্থাপন/পাঠদানের অনুমতি প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্বাহী কমিটি গঠন করতে হবে।

৫.১০ পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাদ্রাসা ব্যানবেইসে Educational Institute Identification Number (EIIN) প্রাপ্তির জন্য আবেদন করবে।

৫.১১ কোনো মাদ্রাসাকে পাঠদানের অনুমতি প্রদান করা হলে, ব্যানবেইস সংশ্লিষ্ট মাদ্রাসার জন্য একটি Educational Institute Identification Number (EIIN) প্রদান করবে।

৫.১২ পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাদ্রাসা ব্যানবেইস থেকে Educational Institute Identification Number (EIIN) প্রাপ্তির পর বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড উক্ত মাদ্রাসাকে মাদ্রাসা কোড ও পাসওয়ার্ড প্রদান করবে।

৫.১৩ পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাদ্রাসা Educational Institute Identification Number (EIIN) প্রাপ্তির পর আবেদন করে তথ্যাদি জমা প্রদানপূর্বক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে মাদ্রাসা কোড ও পাসওয়ার্ড সংগ্রহ করবে।

৫.১৪ মাদ্রাসার যাবতীয় তথ্যাদি {যেমন: শিক্ষক-কর্মচারীর নাম, এনআইডি (NID) ও মোবাইল নম্বর, শিক্ষার্থী, পরীক্ষার্থী, জমি, ভবন ইত্যাদি} সবসময় হালনাগাদ করে রাখতে হবে।

৫.১৫ পাঠদানের অনুমতিকে কোনোক্রমেই একাডেমিক স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

**৬.০ দাখিল/আলিম মাদ্রাসার একাডেমিক স্বীকৃতির অনুমোদন প্রক্রিয়া**

৬.১ **আবেদন গ্রহণ**: পাঠদান অনুমতি প্রাপ্তির ৩ (তিন) বছর পরে মাদ্রাসা পরিশিষ্ট '২' ও '৩' এ উল্লিখিত শর্তসমূহ পূরণ করলে সরকার নির্ধারিত আবেদন ফরম 'গ' (১) ও 'গ' (২) (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) অনুযায়ী চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে পারবে।

৬.২ **মাদ্রাসা পরিদর্শন:**

(ক) একাডেমিক স্বীকৃতির আবেদন প্রাপ্তির পরে সরেজমিনে পরিদর্শনের জন্য বোর্ডের চেয়ারম্যান/তাঁর প্রতিনিধি/বোর্ডের একজন কর্মকর্তা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করবেন। দায়িত্ব প্রদান পত্রের অনুলিপি সংশ্লিষ্ট জেলা প্রশাসক, জেলা শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে প্রেরণ করতে হবে;

(খ) পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিদর্শনপূর্বক নির্ধারিত ফরমে পরিদর্শন প্রতিবেদন পূরণ করে নিজস্ব মন্তব্য/সুপারিশসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে চেয়ারম্যান বরাবর প্রেরণ করবেন;

(গ) মাদ্রাসা পুনরায় পরিদর্শনের প্রয়োজন হলে, পূর্বতন কর্মকর্তার মাধ্যমে না হয়ে উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে পরিদর্শন করাতে হবে।

৬.৩ **একাডেমিক স্বীকৃতির অনুমোদন:** অনুচ্ছেদ-৮ এ উল্লিখিত স্বীকৃতি প্রদান কমিটির সভা ন্যূনতম ০৩ (তিন) মাস অন্তর অনুষ্ঠিত হবে। আবেদন এবং পরিদর্শন প্রতিবেদনের আলোকে স্বীকৃতি প্রদান কমিটি প্রস্তাবিত মাদ্রাসার একাডেমিক স্বীকৃতি প্রদানের সুপারিশ/নামঞ্জুর করবে এবং অনুমোদনের জন্য পরবর্তী পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করবেন। জবাবদিহিতা, সততা, স্বচ্ছতা ও সমন্বয়ের প্রয়োজনে চেক এন্ড ব্যালান্স অনুসরণ করার লক্ষ্যে কমিটির সুপারিশ ও পরিচালনা পর্ষদের অনুমোদনের ভিত্তিতে মাদ্রাসার পাঠদানের অনুমতি প্রদানের চূড়ান্ত অনুমোদনের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগের অধীনে থাকবে।

৬.৪ বোর্ডের পরিচালনা পর্ষদে একাডেমিক স্বীকৃতি অনুমোদন অথবা নামঞ্জুর হলে অথবা কোন পর্যবেক্ষণ থাকলে তা আবেদনকারীকে কারণসহ লিখিতভাবে জানাতে হবে।

৬.৫ **একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির ক্ষেত্রে বিবেচ্য শর্তসমূহ:**

(ক) একাডেমিক স্বীকৃতির জন্য পাঠদানের অনুমতিপ্রাপ্ত মাদ্রাসাকে কমপক্ষে ০৩ (তিন) বার বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;

(খ) আবেদনকারী মাদ্রাসাকে পরিশিষ্ট '২' ও পরিশিষ্ট '৩' এ উল্লিখিত শর্তাবলী পূরণ করতে হবে;

(গ) আবেদনকারী মাদ্রাসায় বিদ্যমান বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।

৬.৬ **একাডেমিক স্বীকৃতি নবায়ন:** একাডেমিক স্বীকৃতির মেয়াদ হবে ০৩ (তিন) বছর। মেয়াদ শেষ হবার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে বোর্ডে আবেদন করে মাদ্রাসার একাডেমিক স্বীকৃতির নবায়ন করতে হবে।

**৭.০ অনলাইন পদ্ধতিতে আবেদন গ্রহণ:**

এই নীতিমালার অধীনে আবেদনসমূহ পর্যায়ক্রমে অনলাইন পদ্ধতিতে গ্রহণ করা হবে। অনলাইনে আবেদন গ্রহণের জন্য বোর্ড প্রয়োজনীয় অনলাইন ফরম চালু করবে।

**৮.০ মাদ্রাসা স্থাপন/পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদান সংক্রান্ত স্বীকৃতি প্রদান কমিটি:**

৮.১ মাদ্রাসা স্থাপন/পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদানের সুপারিশের জন্য নিম্নরূপ স্বীকৃতি প্রদান কমিটি থাকবে:

**অন্তঃ সদস্য**

(ক) চেয়ারম্যান (বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড)

(খ) রেজিস্ট্রার (বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড)

(গ) পরীক্ষা নিয়ন্ত্রক (বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড)

(ঘ) মাদ্রাসা পরিদর্শক (বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড))

(ঙ) প্রকাশনা নিয়ন্ত্রক (বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড)

(চ) প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ০১ জন

**বহিঃ সদস্য (দাখিল মাদ্রাসা ও আলিম স্তর উভয় ক্ষেত্রে):**

(ক) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি ০১ জন

(খ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মনোনীত প্রতিনিধি ০১ জন

(গ) মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মনোনীত সরকারি মাদ্রাসার অধ্যক্ষ ০১ জন

(ঘ) বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর প্রতিনিধি ০১ জন

(ঙ) বোর্ড কর্তৃক মনোনীত বেসরকারি মাদ্রাসার অধ্যক্ষ (ফাযিল/কামিল) ০১ জন

(চ) বোর্ড কর্তৃক মনোনীত বেসরকারি মাদ্রাসার অধ্যক্ষ (আলিম) ০১ জন

(ছ) বোর্ড কর্তৃক মনোনীত দাখিল মাদ্রাসার (সহশিক্ষা) সুপারিনটেনডেন্ট ০১ জন

(জ) বোর্ড কর্তৃক মনোনীত দাখিল মাদ্রাসার (বালিকা) সুপারিনটেনডেন্ট ০১ জন

৮.২ **স্বীকৃতি প্রদান কমিটির মেয়াদ:** স্বীকৃতি প্রদান কমিটিতে বহি:সদস্য (দাখিল মাদ্রাসা ও আলিম স্তর উভয় ক্ষেত্রে) গ, ঙ, চ, ছ ও জ মনোনীত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রতিনিধি একাদিক্রমে ০২ বছরের অধিক দায়িত্ব পালন করতে পারবেন না।

৮.৩ **স্বীকৃতি প্রদান কমিটির সভা**: প্রতি ০৩ (তিন) মাস অন্তর দাখিল মাদ্রাসা/ আলিম মাদ্রাসার স্বীকৃতি প্রদান কমিটির সভা অনুষ্ঠিত হবে। কমিটি মাদ্রাসা স্থাপন/পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয়ে সুপারিশ প্রদান করবেন।

৮.৪ **পরিচালনা পর্ষদের অনুমোদন**: মাদ্রাসা স্থাপন, পাঠদানের অনুমতি এবং একাডেমিক স্বীকৃতি প্রদান সংক্রান্ত কমিটির সভার সুপারিশ বোর্ড পরিচালনা পর্ষদে অনুমোদিত হতে হবে। সার্বিক বিবেচনায় আবেদন নামঞ্জুর হলে আবেদনকারীকে কারণসহ লিখিত ভাবে জানিয়ে দিতে হবে।

৮.৫ **মন্ত্রণালয়/বিভাগের চূড়ান্ত অনুমোদনঃ** জবাবদিহিতা, সততা, স্বচ্ছতা ও সমন্বয়ের প্রয়োজনে চেক এন্ড ব্যালান্স অনুসরণ করার লক্ষ্যে কমিটির সুপারিশ ও পরিচালনা পর্ষদের অনুমোদনের ভিত্তিতে মাদ্রাসা স্থাপন/পাঠদানের অনুমতি/ একাডেমিক স্বীকৃতি প্রদানের চূড়ান্ত অনুমোদনের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগের অধীনে থাকবে।

**৯.০ মাদ্রাসা স্থানান্তর ও মাদ্রাসার শাখা:**

৯.১ প্রাকৃতিক দুর্যোগ বা অনিবার্যকারণবশতঃ কোন অনুমোদিত মাদ্রাসার মূল ক্যাম্পাস/অনুমোদিত শাখা মাদ্রাসা স্থাপনের অন্যান্য প্রয়োজনীয় শর্তসমূহ পূরণ সাপেক্ষে স্থানান্তর করা যাবে।

৯.২ কোনো মাদ্রাসা তার অনুমোদিত মূল ক্যাম্পাস ব্যতীত অন্য কোথাও মাদ্রাসার শাখা স্থাপন করতে পারবে না। যেসকল মাদ্রাসার পৃথক ক্যাম্পাস/মাদ্রাসার শাখা অনুমোদিত হয়েছে, সেসকল মাদ্রাসাকে প্রতিটি ক্যাম্পাস/মাদ্রাসার শাখাকে স্বতন্ত্র EIIN গ্রহণ করতে হবে; প্রতিটি ক্যাম্পাস অথবা মাদ্রাসার শাখার সাথে ক্যাম্পাসের স্থান উল্লেখ করতে হবে, প্রতিটি ক্যাম্পাস অথবা মাদ্রাসার শাখার জন্য পৃথক জনবল কাঠামো এবং পৃথক ব্যবস্থাপনা কমিটি করতে হবে।

৯.৩ নীতিমালায় বর্ণিত অন্যান্য শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে মাদ্রাসায় ইংরেজি ভার্সন ও আরবি মিডিয়াম চালু করা যাবে।

**১০.০ মাদ্রাসা স্থাপন, পাঠদানের অনুমতি এবং একাডেমিক স্বীকৃতি বাতিল/স্থগিত/প্রত্যাহার করার ক্ষমতা:** মাদ্রাসা স্থাপনের অনুমতি/পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদানের অনুমতি পত্রে বর্ণিত শর্তের ব্যত্যয় হলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড মন্ত্রণালয়/বিভাগের অনুমোদন গ্রহণ সাপেক্ষে মাদ্রাসা স্থাপনের অনুমতি/পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি বাতিল/স্থগিত/প্রত্যাহার করতে পারবে।

**১১.০ বিশেষ ক্ষেত্রে শর্ত শিথিল:**

১১.১ সরকার কর্তৃক স্বীকৃত, শিক্ষায় অনগ্রসর, ভৌগোলিকভাবে অসুবিধাজনক, পাহাড়ি এলাকা, হাওড়-বাওড়, চরাঞ্চল, বিচ্ছিন্ন দ্বীপ, বস্তি এলাকা, নারীশিক্ষা, সামাজিকভাবে অনগ্রসর গোষ্ঠীর ক্ষেত্রে মাদ্রাসা স্থাপন/পাঠদান/একাডেমিক স্বীকৃতি প্রদানের অনুমতির ক্ষেত্রে বিশেষ বিবেচনায় শর্ত শিথিলযোগ্য হবে।

১১.২ সিটি কর্পোরেশন/শিল্প এলাকা/পৌরসভা এলাকায় ভাড়া বাড়িতে মাদ্রাসা স্থাপন করা যাবে। এক্ষেত্রে মাদ্রাসা স্থাপনের অন্যান্য প্রয়োজনীয় শর্তসমূহ পূরণ সাপেক্ষে এই নীতিমালার পরিশিষ্ট-৩ এর বিশেষ দ্রষ্টব্য (৫) এর (ক), (খ) ও (গ)তে উল্লিখিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে।

১১.৩ সরকার কর্তৃক স্বীকৃত, সিটি কর্পোরেশন, প্রথম শ্রেণির পৌরসভা এবং শিল্প এলাকার ক্ষেত্রে জনসংখ্যা বিবেচনায় মাদ্রাসার দূরত্বের শর্ত শিথিলযোগ্য হবে। জনসংখ্যার হিসেবে প্রাপ্যতা থাকলে দূরত্বের শর্ত শিথিল হবে।

১১.৪ মাদ্রাসার স্তর বিবেচনায় বোর্ডের চেয়ারম্যন পরিশিষ্ট ১, ২ ও ৩ এ বর্ণিত শর্তসমূহ বা অবকাঠামোগত প্রযোজ্যতার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

**১২.০ মাদ্রাসা স্থাপন/পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদান সংক্রান্ত আপিল কমিটি:**

১২.১ বেসরকারি মাদ্রাসা স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনের বিষয়ে বোর্ডের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে সংশ্লিষ্ট মাদ্রাসা প্রধান মন্ত্রণালয়ে আপিল আবেদন করতে পারবে। আপিল কমিটি নিম্নরূপ:

১) অনুবিভাগ প্রধান (মাদ্রাসা অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
২) যুগ্মসচিব (মাদ্রাসা অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
৩) রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৪) পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৫) উপসচিব (সংশ্লিষ্ট), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

১২.২ আপিল আবেদন প্রাপ্তি সাপেক্ষে ন্যূনতম ০৩ (তিন) মাস অন্তর আপিল কমিটির সভা অনুষ্ঠিত হবে।

**১৩.০ মাদ্রাসার নামকরণ:**

মাদ্রাসার নামের শেষে দাখিল মাদ্রাসা/আলিম মাদ্রাসা অংশটুকু সংযুক্ত থাকবে। নাম সংক্ষিপ্ত এবং ভালো অর্থবোধক হওয়া বাঞ্চনীয়। ইসলামি মনীষী ও দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষায় আত্মোৎসর্গকারী ব্যক্তিবর্গের নামে মাদ্রাসার নামকরণের ক্ষেত্রে পরিশিষ্ট-২ এ বর্ণিত অর্থ জমা প্রদানের প্রয়োজন হবে না।

**১৪.০ নাম পরিবর্তন:**

সরকার প্রয়োজন মনে করলে বিদ্যমান মাদ্রাসার নেতিবাচক নাম পরিবর্তন করতে পারবে।

**১৫.০ রহিতকরণ:**

এই নীতিমালা জারি হওয়ার পর মাদ্রাসা স্থাপনের অনুমতি/পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতি প্রদানের পূর্বের নীতিমালার/পরিপত্রের সংশ্লিষ্ট অংশসমূহ রহিত বলে গণ্য হবে। রহিতকরণ সত্ত্বেও পূর্বের নীতিমালা/পরিপত্র অনুযায়ী গৃহীত কার্যব্যবস্থা/সিদ্ধান্ত এ নীতিমালার অধীনে কৃত বা গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

**১৬.০ নীতিমালার কার্যকারিতা:**

(ক) এই নীতিমালা জারি হওয়ার পূর্বে শিক্ষা মন্ত্রণালয়/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড প্রদত্ত মাদ্রাসা স্থাপন/পাঠদানের অনুমতি/একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের আদেশ বহাল থাকবে;

(খ) সরকার জনস্বার্থে এ নীতিমালার প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জন করতে পারবে;

(গ) এই নীতিমালা সম্পর্কিত কোনো বিষয়ের ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে;

(ঘ) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২০।০৮।২০২৫

**মুহাম্মদ রফিকুল ইসলাম**
**সচিব**

সংযুক্ত: পরিশিষ্ট- ১, ২, ৩ এবং ফরম- ক থেকে চ

## পরিশিষ্ট-১: মাদ্রাসা স্থাপনের শর্তসমূহ

### পরিশিষ্ট-১

১. মাদ্রাসা থেকে মাদ্রাসার ন্যূনতম দূরত্ব:

| এলাকা | দাখিল মাদ্রাসা | আলিম মাদ্রাসা | মন্তব্য |
|---|---|---|---|
| সিটি কর্পোরেশন, শিল্প এলাকা ও প্রথম শ্রেণির পৌরসভা | ১ কি. মি. | ২ কি.মি. | ব্যানবেইস থেকে ক্যাচমেন্ট এলাকার পার্শ্ববর্তী মাদ্রাসার দূরত্বসহ জিপিএস ম্যাপ সংগ্রহ করতে হবে।<br>সিটি কর্পোরেশন, পৌরসভা এবং শিল্প এলাকার ক্ষেত্রে জনসংখ্যা বিবেচনায় দূরত্বের শর্ত শিথিলযোগ্য হবে। |
| মফস্বল এলাকা<br>(সিটি কর্পোরেশন, শিল্প এলাকা ও প্রথম শ্রেণির পৌরসভা ব্যতীত) | ২ কি.মি. | ৩ কি.মি. | |

২. মাদ্রাসার প্রাপ্যতার ক্ষেত্রে উপজেলা/থানার ন্যূনতম জনসংখ্যা:

| দাখিল মাদ্রাসা | আলিম মাদ্রাসা | ব্যতিক্রম |
|---|---|---|
| ১০,০০০<br>(দশ হাজার)<br>জনগোষ্ঠীর জন্য ০১<br>(এক) টি মাদ্রাসা | ৪৫,০০০<br>(পঁয়তাল্লিশ হাজার)<br>জনগোষ্ঠীর জন্য ০১<br>(এক) টি মাদ্রাসা | মাদ্রাসা শিক্ষায় অনগ্রসর, ভৌগোলিকভাবে অসুবিধাজনক, পাহাড়ি এলাকা, হাওড়-বাওড়, চরাঞ্চল, বিচ্ছিন্ন দ্বীপ, বস্তি এলাকা, নারী শিক্ষা, সামাজিকভাবে অনগ্রসর গোষ্ঠীর ক্ষেত্রে মাদ্রাসা স্থাপন/পাঠদান/একাডেমিক স্বীকৃতি প্রদানের অনুমতির ক্ষেত্রে বিশেষ বিবেচনায় শর্ত শিথিলযোগ্য হবে।<br>*সিটি কর্পোরেশন, প্রথম শ্রেণির পৌরসভা এবং শিল্প এলাকার ক্ষেত্রে জনসংখ্যা বিবেচনায় ৫০% শর্ত শিথিল করা যাবে।<br>* সড়ক ও বিদ্যুৎ সংযোগ না থাকলে মাদ্রাসা স্থাপনের অনুমতি প্রদান করা যাবে না (প্রযোজ্য ক্ষেত্রে)। |

## পরিশিষ্ট-২: দাখিল মাদ্রাসা স্থাপনের পরে পাঠদানের অনুমতির শর্তসমূহ:

পরিশিষ্ট-২

### দাখিল মাদ্রাসা স্থাপনের পর পাঠদানের অনুমতির শর্তসমূহ

১. ন্যূনতম অখন্ড জমির পরিমাণ:

| স্তর | মফস্বল | পৌরসভা ও শিল্প এলাকা | সিটি কর্পোরেশন এলাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। দাখিল মাদ্রাসা | ০.৩৫ একর | ০.২৫ একর | ০.১৫ একর | * মাদ্রাসার নামে রেজিস্ট্রি ও নামজারি করতে হবে।<br>* সরকারি সংস্থা পরিচালিত মাদ্রাসার ক্ষেত্রে সংস্থা কর্তৃক মাদ্রাসার অনুকূলে জমি বরাদ্দের লিখিত বরাদ্দপত্র থাকতে হবে। উক্ত জমি মাদ্রাসা ব্যতীত অন্য কোনো কাজে ব্যবহার করা যাবে না।<br>* সরকারি সিদ্ধান্ত মোতাবেক মাদ্রাসা স্থাপিত হলে জমির শর্ত প্রযোজ্য হবে না।<br>* মফস্বল এলাকায় উল্লিখিত জমির পরিমাণের বাইরে খেলার মাঠ থাকলে তা অগ্রাধিকার হিসেবে বিবেচিত হবে। |
| ২। আলিম মাদ্রাসা | মফস্বল | পৌরসভা ও শিল্প এলাকা | সিটি কর্পোরেশন এলাকা | |
| | ০.৪০ একর | ০.৩০ একর | ০.২০ একর | |

২. অবকাঠামো (ন্যূনতম):

| স্তর | শ্রেণিকক্ষ | অফিস/ শিক্ষক কক্ষ | লাইব্রেরি কক্ষ | টয়লেট | কমন রুম | শ্রেণিকক্ষের আকার |
|---|---|---|---|---|---|---|
| ১। দাখিল মাদ্রাসা | ১০টি | ০২টি | ০১টি | ০৪টি | ০২টি | শিক্ষার্থী প্রতি ১ ব:মি:/ন্যূনতম প্রয়োজন অনুযায়ী পাকা/আধাপাকা/টিনশেড ভবন |
| ২। আলিম মাদ্রাসা | ১২টি | ০৩টি | ০১টি | ০৬টি | ০২টি | শিক্ষার্থী প্রতি ১ ব:মি:/ন্যূনতম প্রয়োজন অনুযায়ী পাকা/আধাপাকা/টিনশেড ভবন |

* মফস্বল এলাকায় শিক্ষার্থীদের জন্য খেলাধুলা করার জন্য মাঠ থাকতে হবে।
* সহ-শিক্ষা মাদ্রাসার ক্ষেত্রে ছাত্রীদের জন্য কমন রুমের ব্যবস্থা থাকতে হবে।
* সহ-শিক্ষা মাদ্রাসার ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক পৃথক সমান সংখ্যক টয়লেট থাকতে হবে।
* কম্পিউটার ল্যাব থাকতে হবে।
* গ্রন্থাগার থাকতে হবে।
* বিজ্ঞানাগার থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
* বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য ভবনে র‍্যাম্প (Ramp) সুবিধা থাকতে হবে।
* হাওড়-বাওড়, দ্বীপাঞ্চলে নৌ-যান চলাচলের সুবিধা থাকতে হবে।
* সড়ক ও বিদ্যুৎ সংযোগ থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩. লাইব্রেরি:

| স্তর | বইয়ের ন্যূনতম সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| ১। দাখিল মাদ্রাসা | ২০০০ টি | প্রতিটি মাদ্রাসায় একটি স্বতন্ত্র লাইব্রেরি থাকবে। কোরআন হাদিস সংক্রান্ত মৌলিক কিতাবসহ অন্যান্য গ্রন্থ থাকতে হবে। কোনো ধরনের নোটবই/গাইড বই রাখা যাবে না। |
| ২। আলিম মাদ্রাসা | ২০০০ টি | |

৪. কম্পিউটার :

| স্তর | ন্যূনতম কম্পিউটার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|
| ১। দাখিল মাদ্রাসা | ০৬টি (প্রিন্টারসহ) | |
| ২। আলিম মাদ্রাসা | ০৮টি (প্রিন্টারসহ) | |

৫. তহবিল:

| স্তর | সাধারণ তহবিল | সংরক্ষিত তহবিল | মন্তব্য |
|---|---|---|---|
| ১। দাখিল মাদ্রাসা | ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) | ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) | * সংরক্ষিত তহবিলের অর্থে সঞ্চয়পত্র ক্রয় করতে হবে/স্থায়ী আমানত হিসেবে রাখা যাবে। বোর্ডের অনুমতি ব্যতীত উত্তোলন করা যাবে না। |
| ২। আলিম মাদ্রাসা | ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা) | ৩,০০,০০০/- (তিন লক্ষ টাকা) | |

৭. পাঠ্যক্রম:

| দাখিল মাদ্রাসা | আলিম মাদ্রাসা |
|---|---|
| জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে। | |

৮. সহপাঠ্যক্রমিক কার্যক্রম:

| দাখিল মাদ্রাসা | আলিম মাদ্রাসা |
|---|---|
| কুরআন তিলাওয়াত, বিষয়ভিত্তিক কুরআন ও হাদীস মুখস্তকরণ, হামদ-নাত, জাতীয় দিবসসমূহ, বার্ষিক ক্রীড়া/খেলাধুলা/সাঁতার, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা (আরবি, ইংরেজি, বাংলা), কুইজ প্রতিযোগিতা, ল্যাঙ্গুয়েজ ক্লাব (আরবি ও ইরেজি), বিজ্ঞান মেলা, বৃক্ষরোপণ, স্কাউটিং/গার্লস গাইড, স্টুডেন্ট কেবিনেট, পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতে হবে। | |

৯. মাদ্রাসা ব্যবস্থাপনা:

| দাখিল মাদ্রাসা | আলিম মাদ্রাসা |
|---|---|
| সর্বশেষ প্রবিধানমালা অনুযায়ী ব্যবস্থাপনা কমিটি ম্যানেজিং কমিটি/ গভর্নিংবডি/এডহক কমিটি/ উদ্যোক্তা কমিটি /নির্বাহী কমিটি/ বিশেষ পরিস্থিতি কমিটি/ সরকারি প্রতিষ্ঠান বা সংস্থা কর্তৃক পরিচালিত কমিটি /এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত কমিটি থাকতে হবে। | |

১০. ব্যক্তির নামে নামকরণ:

| দাখিল মাদ্রাসা | আলিম মাদ্রাসা | মন্তব্য |
|---|---|---|
| ৩০,০০,০০০.০০ (ত্রিশ লক্ষ) টাকা | ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা | ব্যক্তির নামে মাদ্রাসার নামকরণ বা পরিবর্তন করতে হলে উল্লিখিত পরিমাণ টাকা মাদ্রাসা প্রধান ও জেলা শিক্ষা অফিসার/ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারের যৌথ স্বাক্ষরে মাদ্রাসার নামে সঞ্চয়পত্র/স্থায়ী আমানত (FDR) হিসেবে জমা রাখতে হবে এবং প্রমাণক মাদ্রাসায় সংরক্ষণ করতে হবে। এ অর্থ জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট মাদ্রাসার উন্নয়ন কাজে ব্যবহার করা যাবে। সে ক্ষেত্রে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। প্রয়োজন মনে করলে, সরকার বিদ্যমান মাদ্রাসার নেতিবাচক নাম পরিবর্তন করতে পারবে। |

## পরিশিষ্ট-৩: মাদ্রাসার একাডেমিক স্বীকৃতি প্রদানের শর্তসমূহ

পরিশিষ্ট-৩

১. ন্যূনতম শিক্ষার্থীর শর্ত

| দাখিল মাদ্রাসা | সিটি কর্পোরেশন | পৌরসভা ও শিল্প এলাকা | মফস্বল |
|---|---|---|---|
| ১। সহশিক্ষা/ শুধু বালক মাদ্রাসা | ৩০০ জন | ২৭৫ জন | ২৫০ জন |
| ২। শুধু বালিকা মাদ্রাসা | ২৫০ জন | ২২৫ জন | ২০০ জন |
| আলিম মাদ্রাসা | সিটি কর্পোরেশন | পৌরসভা ও শিল্প এলাকা | মফস্বল |
| ১। সহশিক্ষা / শুধু বালক মাদ্রাসা | ৪০০ জন | ৩৫০ জন | ৩০০ জন |
| ২। শুধু বালিকা মাদ্রাসা | ৩০০ জন | ২৭৫ জন | ২৫০ জন |

২. পাবলিক পরীক্ষা সংক্রান্ত শিক্ষার্থী, পরীক্ষার্থী, ন্যূনতম পাসের সংখ্যা ও পাসের হারের শর্তাবলি বিদ্যমান বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুয়ায়ী নির্ধারিত হবে।

(ক) মফস্বল এলাকা (সিটি কর্পোরেশন ও পৌরসভা ব্যতীত):

| সহশিক্ষা / বালক | পরীক্ষা | পাবলিক পরীক্ষা সংক্রান্ত ন্যূনতম শিক্ষার্থী | ন্যূনতম পরীক্ষার্থী | ন্যূনতম পাসের গড় হার |
|---|---|---|---|---|
| | দাখিল মাদ্রাসা | ১৮ জন | ১৮ জন | ৫৫% |
| | আলিম মাদ্রাসা | ১৮ জন | ১৮ জন | ৫০% |

| শুধু বালিকা | পরীক্ষা | পাবলিক পরীক্ষা সংক্রান্ত ন্যূনতম শিক্ষার্থী | ন্যূনতম পরীক্ষার্থী | ন্যূনতম পাসের গড় হার |
|---|---|---|---|---|
| | দাখিল মাদ্রাসা | ১৬ জন | ১৬ জন | ৫৫% |
| | আলিম মাদ্রাসা | ১৬ জন | ১৬ জন | ৫০% |

(খ) পৌরসভা:

| সহশিক্ষা / বালক | পরীক্ষা | পাবলিক পরীক্ষা সংক্রান্ত ন্যূনতম শিক্ষার্থী | ন্যূনতম পরীক্ষার্থী | ন্যূনতম পাসের গড় হার |
|---|---|---|---|---|
| | দাখিল মাদ্রাসা | ২০ জন | ২০ জন | ৬০% |
| | আলিম মাদ্রাসা | ২০ জন | ২০ জন | ৫৫% |

| শুধু বালিকা | পরীক্ষা | পাবলিক পরীক্ষা সংক্রান্ত ন্যূনতম শিক্ষার্থী | ন্যূনতম পরীক্ষার্থী | ন্যূনতম পাসের গড় হার |
|---|---|---|---|---|
| | দাখিল মাদ্রাসা | ১৮ জন | ১৮ জন | ৬০% |
| | আলিম মাদ্রাসা | ১৮ জন | ১৮ জন | ৫৫% |

(গ) সিটি কর্পোরেশন এলাকা:

| সহশিক্ষা ও বালক | পরীক্ষা | পাবলিক পরীক্ষা সংক্রান্ত ন্যূনতম শিক্ষার্থী | ন্যূনতম পরীক্ষার্থী | ন্যূনতম পাসের গড় হার |
|---|---|---|---|---|
| | দাখিল স্তর | ২৪ জন | ২৪ জন | ৬৫% |
| | আলিম মাদ্রাসা | ২৪ জন | ২৪ জন | ৬৫% |

| শুধু বালিকা | পরীক্ষা | পাবলিক পরীক্ষা সংক্রান্ত ন্যূনতম শিক্ষার্থী | ন্যূনতম পরীক্ষার্থী | ন্যূনতম পাসের গড় হার |
|---|---|---|---|---|
| | দাখিল মাদ্রাসা | ২২ জন | ২২ জন | ৭০% |
| | আলিম মাদ্রাসা | ২২ জন | ২২ জন | ৬৫% |

(১) দাখিল স্তরে নতুন বিভাগ খোলার অনুমতির জন্য সর্বশেষ বছরে ৮ম শ্রেণিতে কমপক্ষে ৪০ (চল্লিশ) জন শিক্ষার্থী উত্তীর্ণ থাকতে হবে।

(২) দাখিল স্তরে নবম শ্রেণিতে বিজ্ঞান বিভাগ, ব্যবসায় শিক্ষা বিভাগ ও কারিগরি শাখা খোলার জন্য প্রতি বিভাগে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন শিক্ষার্থী থাকতে হবে।

(৩) আলিম মাদ্রাসায় বিজ্ঞান বিভাগ, ব্যবসায় শিক্ষা ও কারিগরি শাখা খোলার জন্য দাখিল পরীক্ষায় সংশ্লিষ্ট বিভাগ থেকে সর্বশেষ বছরে কমপক্ষে ১৫ (পনেরো) জন শিক্ষার্থী উত্তীর্ণ হতে হবে।

(৪) আলিম পাঠদান অনুমতির জন্য দাখিল স্তরে সর্বশেষ বছরে কমপক্ষে ২০ (বিশ) জন শিক্ষার্থী উত্তীর্ণ থাকতে হবে।

(৫) সিটি কর্পোরেশন/শিল্প এলাকা/পৌরসভায় ভাড়া বাড়িতে ন্যূনতম ০৬ (ছয়) বছরের চুক্তিপত্র থাকলে দাখিল/আলিম মাদ্রাসা স্থাপন/পাঠদান/স্বীকৃতি প্রদান করা যাবে। এ ক্ষেত্রে :

(ক) মাদ্রাসার নামে ব্যাংকে কমপক্ষে ৫ (পাঁচ) লক্ষ টাকার ডিপোজিট থাকতে হবে;

(খ) মাদ্রাসাটি কোনো ব্যক্তি বা কোনো প্রতিষ্ঠান বা ট্রাস্ট বা মিশন বা এনজিও বা ফাউন্ডেশন বা দাতব্য সংস্থা কর্তৃক পরিচালিত হতে পারবে।

(গ) মাদ্রাসাটির জন্য এমপিও দাবী করা হবে না মর্মে ৩০০ টাকার নন- জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ** পাঠদান অনুমোদনের বিষয়ে দাখিল সহশিক্ষা মাদ্রাসায় প্রতি শ্রেণিতে ন্যূনতম শিক্ষার্থী হবে গড়ে ২৫ জন এবং দাখিল বালিকা মাদ্রাসায় প্রতি শ্রেণিতে ন্যূনতম শিক্ষার্থী হবে গড়ে ২০ জন। আলিম সহশিক্ষা মাদ্রাসায় প্রতি শ্রেণিতে ন্যূনতম শিক্ষার্থী হবে গড়ে ৩০ জন এবং আলিম বালিকা মাদ্রাসায় প্রতি শ্রেণিতে ন্যূনতম শিক্ষার্থী হবে গড়ে ২৫ জন।

** মাদ্রাসার শ্রেণি বিবেচনায় পরিশিষ্ট ১, ২ ও ৩ এর শর্তসমূহের ব্যাপারে চেয়ারম্যান সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

ফরম- ক থেকে চ

## আবেদন ফরম-'ক' (১)

## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

### বেসরকারি দাখিল/আলিম মাদ্রাসা স্থাপনের আবেদন ফরম

১.০ মাদ্রাসার নাম: ----------------------------------------------------------------------------------------

১.১ মাদ্রাসার স্তর: ------------------শ্রেণি থেকে-----------------শ্রেণি---------------------------------

২.০ ঠিকানা: গ্রাম/মহল্লা:---------------------------------------- ডাকঘর:------------------------------

থানা/উপজেলা:............................................ জেলা: -----------------------------------------

২.১ প্রতিষ্ঠানের টেলিফোন/মোবাইল নম্বর:---------------------------- ইমেইল:--------------------------

৩.০ আবেদনের বিষয়:

৪.০ মাদ্রাসার ধরণ: বালক/বালিকা/সহশিক্ষা (টিক দিন)

৫.০ মাদ্রাসার চতুর্দিকে বিদ্যমান সমমানের মাদ্রাসাসমূহের দূরত্ব:

| জিপিএস ম্যাপসহ দূরত্ব সনদ সংযুক্ত করতে হবে | | | |
|---|---|---|---|
| ক্রমিক | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | দিক | ন্যূনতম দূরত্ব (কি:মি:) |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

৬.০ মাদ্রাসা এলাকার জনসংখ্যা:------------ (উপজেলা/থানা পরিসংখ্যান অফিসার প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে)

৭.০ মাদ্রাসার নামকরণ:

(ব্যক্তি নামে মাদ্রাসার নামকরণ হলে ব্যক্তির বিস্তারিত পরিচিতিসহ একটি সংক্ষিপ্তসার সংযুক্ত করতে হবে)

৮.০ জমির পরিমাণ:

[প্রস্তাবিত স্থানের মৌজা, খতিয়ান/পর্চা, দাগ এবং জমির পরিমাণ উল্লেখ করতে হবে, খতিয়ানের কপি সংযুক্ত করতে হবে এবং জমির যথার্থতা সম্পর্কে সহকারী কমিশনার (ভূমি) এর প্রত্যয়ন সংযুক্ত করতে হবে।]

৯.০ আবেদনকারীর পূর্ণ ঠিকানা: নাম:---------------------------------------পিতার নাম:-------------- ------------------- মাতার নাম:-------------------------------গ্রাম/মহল্লা------------------------ থানা/উপজেলা:-----------------------------------------জেলা:------------------- এনআইডি নম্বর (সত্যায়িত কপিসহ):-----------------------------------মোবাইল নম্বর:----------------------------

আবেদনকারীর নাম-

(স্বাক্ষর ও তারিখ)

পদবি-

মোবাইল নম্বর-

বি:দ্র: ক্রমিক নং ৫.০-৯.০ সংশ্লিষ্ট বিষয়ের প্রয়োজনীয় তথ্যাদি আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৮

# ফরম- 'ক' (২)

## বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

### আবেদনকারী/আবেদনকারীগণের অঙ্গীকারনামা
### (৩০০ টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারিকৃত)

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারীগণ:

